লন্ডনের ক্লিনিকে খালেদা জিয়ার চিকিৎসা শুরু

written by Chandradip News24 | January 8, 2025

উন্নত চিকিৎসার জন্য লন্ডনের একটি ক্লিনিকে ভর্তি হয়েছেন বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া।

বুধবার (৮ জানুয়ারি) বিষয়টি নিশ্চিত করেছেন অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ। চিকিৎসার জন্য দীর্ঘদিন পর লন্ডনে যাত্রা করেন সাবেক প্রধানমন্ত্রী। সেখানে গিয়ে লন্ডনের হিথ্রো বিমানবন্দরে দীর্ঘ সাত বছর পর মায়ের সঙ্গে সাক্ষাৎ করেছেন তারেক রহমান। তিনি নিজেই খালেদা জিয়াকে ড্রাইভ করে ক্লিনিকে নিয়ে যান।

বিএনপির পক্ষ থেকে জানানো হয়, গণঅভ্যুত্থানের মাধ্যমে সরকার পরিবর্তনের পর চিকিৎসার উদ্দেশ্যে খালেদা জিয়া লন্ডনে যান। উন্নত চিকিৎসার পাশাপাশি পরিবারের সঙ্গে দেখা করা তার এই সফরের অন্যতম উদ্দেশ্য।

“মো: তুহিন হোসেন,
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম”